



Reg. No.Dha-0462

# বাংলাদেশ মহিলা পরিষদ

BANGLADESH MAHILA PARISHAD

SUFIA KAMAL BHABAN

10/B/1, SEGUN BAGICHA, DHAKA-1000

Phone 9582182, Fax 9563529, website: www.mahilaparishad.org

E-mail: info@mahilaparishad.org, mparishad@gmail.com

NGOs in consultative status with the Economic and Social Council [ECOSOC] of the United Nations

তারিখঃ ২৫.০৯.২০২২

বরাবর

বার্তা সম্পাদক সমীপে

দৈনিক পত্রিকা ও টেলিভিশন চ্যানেল

সংবাদ প্রকাশ ও সংবাদ প্রচারার্থে।

বিষয়ঃ খুলনা জেলার কয়রা উপজেলার মহেশুরীপুর ইউনিয়নের গিলাবাড়ি গ্রামে গৃহবধূকে বিবস্ত্র করে নির্যাতনের পর এসিড নিক্ষেপের ঘটনায় গভীর উদ্বেগ প্রকাশ করে জড়িতদের দৃষ্টান্তমূলক শাস্তির দাবিতে বাংলাদেশ মহিলা পরিষদের বিবৃতি।

অদ্য ২৫ সেপ্টেম্বর, ২০২২ তারিখ বিভিন্ন পত্রিকায় প্রকাশিত সংবাদ মাধ্যমে জানা যায় যে - খুলনা জেলার কয়রা উপজেলার মহেশুরীপুর ইউনিয়নের গিলাবাড়ি গ্রামে গৃহবধূকে বিবস্ত্র করে নির্যাতনের পর এসিড নিক্ষেপের ঘটনা ঘটেছে। ঘটনা সূত্রে জানা যায়, গত ১১ জুলাই, ২০২২ তারিখ জমিজমা সংক্রান্ত বিরোধের জের ধরে খালেক গাজী ও আনিস গাজীসহ কয়েকজন ওই গৃহবধূকে বাড়ি থেকে টেনেহিঁচড়ে একটি গাছের সঙ্গে বেঁধে বিবস্ত্র করে মারধর করে। আশঙ্কাজনক অবস্থায় তাকে উদ্ধার করে খুলনা মেডিকেল কলেজ হাসপাতালে ভর্তি করা হয়। গত ২৩ সেপ্টেম্বর, ২০২২ তারিখ নির্যাতনের শিকার গৃহবধূ, তার স্বামী ও ছেলেসহ নিজেদের জমিতে ধানের চারা রোপণ করার সময় সেখানেও বাধা ও হুমকি দেয় খালেক গাজীর লোকজন। এরপর রাতে নিজ ঘরের জানালা দিয়ে গৃহবধূকে লক্ষ্য করে এসিড নিক্ষেপ করে দুর্বৃত্তরা। গৃহবধূর চিৎকারে আশেপাশের লোকজন তাকে উদ্ধার করে স্থানীয় উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে ভর্তি করে। এতে তার শরীরের বাম হাতসহ বিভিন্ন অংশ পুড়ে যায়। আবারো তাকে হত্যার হুমকি দেয়া হয়।

বাংলাদেশ মহিলা পরিষদ গৃহবধূকে এসিড নিক্ষেপের ঘটনায় জড়িতদের দ্রুত গ্রেফতার, সুষ্ঠু ও নিরপেক্ষ তদন্ত সাপেক্ষে দৃষ্টান্তমূলক শাস্তি এবং নির্যাতনের শিকার গৃহবধূর সুচিকিৎসাসহ তার ও তার পরিবারের সদস্যদের নিরাপত্তা নিশ্চিতকরণেরও দাবি জানাচ্ছে। এ ধরনের ঘটনা পুনরাবৃত্তিরোধে আইন শৃঙ্খলা বাহিনী ও প্রশাসনের নিকট দ্রুত কার্যকরী পদক্ষেপ গ্রহণেরও অনুরোধ জানাচ্ছে। পাশাপাশি সারাদেশে সংঘটিত নারী ও কন্যা নির্যাতনের ঘটনার বিরুদ্ধে সামাজিক প্রতিরোধ গড়ে তোলার আহ্বান জানাচ্ছে।

সাম্প্রতিক সময়ে বাংলাদেশ মহিলা পরিষদ গভীর উদ্বেগের সাথে লক্ষ্য করছে যে, এসিড নিক্ষেপের ঘটনা কিছুদিন কম থাকলেও এ ধরনের সহিংসতার ঘটনা আবারো বেড়েছে। বাংলাদেশ মহিলা পরিষদ এই ধরনের অবস্থা থেকে উত্তরণের জন্য আশু কার্যকরী পদক্ষেপ এবং এসিড সন্ত্রাস নিয়ন্ত্রণে, এসিড জাতীয় দ্রব্যের অপব্যবহার রোধসহ এসিড নিয়ন্ত্রণ আইন ২০০২ ও এসিড অপরাধ দমন আইন ২০০০ এর যথাযথ বাস্তবায়নের লক্ষ্যে দ্রুত পদক্ষেপ গ্রহণের দাবি জানাচ্ছে।

বিবৃতিতে স্বাক্ষর করেন-

ডা. ফাওজিয়া মোসলেম

সভাপতি

বাংলাদেশ মহিলা পরিষদ

মালেকা বানু

সাধারণ সম্পাদক

বাংলাদেশ মহিলা পরিষদ